যুগান্তর

27 DEC 2017
তারিখ ……
পৃষ্ঠা ……১৭…… কলাম ……৬……

# ঢাবির অধিভুক্ত গার্হস্থ্য অর্থনীতি কলেজে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

**ঢাবি প্রতিনিধি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) জীববিজ্ঞান অনুষদভুক্ত গার্হস্থ্য অর্থনীতি কলেজগুলোর ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান কেন্দ্রীয় অনলাইন ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এ ফলাফল প্রকাশ করেন। এ সময় প্রোভিসি (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, জীববিজ্ঞান অনুষদের ডিন ও পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদ এবং গার্হস্থ্য অর্থনীতি কলেজগুলোর অধ্যক্ষরা উপস্থিত ছিলেন। ১৫ ডিসেম্বর এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ভর্তিচ্ছু মোট ৮ হাজার ৭৪৫ জন ছাত্রীর মধ্যে ৫ হাজার ৮৬৯ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ৫ হাজার ২৭৪ জন উত্তীর্ণ হয়েছে। সেই হিসাবে পাসের হার ৮৯ দশমিক ৮৬ শতাংশ। অধিভুক্ত গার্হস্থ্য অর্থনীতি কলেজগুলোতে আসন রয়েছে ২ হাজার ৪৭৫টি।

ভর্তি অফিস জানায়, পাসকৃত শিক্ষার্থীদের আগামী ৩১ ডিসেম্বর থেকে ৭ জানুয়ারি পর্যন্ত ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। উত্তীর্ণ ছাত্রছাত্রীদের কোটার ফরম ৩১ ডিসেম্বর থেকে ৭ জানুয়ারির মধ্যে জীববিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে। ফলাফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আজ থেকে ২ জানুয়ারি পর্যন্ত জীববিজ্ঞান অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে।